online copy

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ৪/প্রশা/ প্রনিম/ ২৬০৪ তারিখ ঃ ০৭/০২/২০২২

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ ঃ** উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন মুক্তিযোদ্ধা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ নামে নতুন প্রতিষ্ঠান স্থাপন-এর অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৩৩৫ তারিখ ঃ ০৫/১১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন **"মুক্তিযোদ্ধা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ"** স্থাপনের যথার্থতা যাচাই এর লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

০৬/০২/২২

**(প্রফেসর মোঃ হাবিবুর রহমান)**
আই ডি নং- ৪৫৬০
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ছক - (ক)
## বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান
## পরিদর্শন ছক

বিদ্যালয়ের নাম (প্রস্তাবিত) : **মুক্তিযোদ্ধা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ**

বিদ্যালয়ের ঠিকানা : ডাকঘর : সোনামুখী হাট, উপজেলা : কাজিপুর, জেলা : সিরাজগঞ্জ

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

পরিদর্শনের তারিখ : ০৬/১১/২০২১ খ্রিঃ

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিষয়</th><th>নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ</th><th>বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা</th><th>শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত</th></tr>
<tr><td>১.</td><td>প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল)</td><td>পৌরঃ ১ কিঃ মিঃ<br>মফস্বলঃ ৩ কিঃ মিঃ</td><td>মফস্বল এলাকায় অবস্থিত</td><td>শর্ত পূরণকৃত</td></tr>
<tr><td>২.</td><td>বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব</td><td>পৌরঃ ১ কিঃ মিঃ<br>মফস্বলঃ ৩ কিঃ মিঃ</td><td><table>
<tr><th>দিক</th><th>বিদ্যালয়ের নাম</th><th>প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব</th></tr>
<tr><td>উত্তর</td><td>হরিনাথপুর উচ্চ বিদ্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ</td><td>৪.২৫ কিঃ মিঃ</td></tr>
<tr><td>দক্ষিণ</td><td>সোনামুখী উচ্চ বিদ্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ</td><td>৩.৫ কিঃ মিঃ</td></tr>
<tr><td>পূর্ব</td><td>বেলতৈল এলাহী বক্স উচ্চ বিদ্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ</td><td>৫.০ কিঃ মিঃ</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>ধুনট পাইলট উচ্চ বিদ্যালয়, ধুনট, বগুড়া</td><td>৬.৫ কিঃ মিঃ</td></tr>
</table></td><td>উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন সংযুক্ত।</td></tr>
<tr><td>৩.</td><td>প্রস্তাবিত উপজেলার মোট জনসংখ্যা</td><td></td><td>সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার মোট জনসংখ্যা- ২,৮৫,৩০৯ জন।<br>(২০১১ সালের আমশুমারী অনুযায়ী)</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ এর প্রত্যয়ন সংযুক্ত</td></tr>
<tr><td>৪.</td><td>প্রস্তাবিত উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা</td><td></td><td>কাজিপুর উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা ৫৪ টি। তন্মধ্যে-<br>১। সহশিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা- ৩৮ টি<br>২। সহশিক্ষা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা- ০৫ টি<br>৩। মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সংখ্যা- ০৩ টি<br>৪। নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সংখ্যা- ০৮ টি<br>সর্বমোট - ৫৪ টি</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ এর প্রত্যয়ন সংযুক্ত</td></tr>
<tr><td>৫.</td><td>প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা</td><td></td><td>০১ টি<br>সোনামুখী উচ্চ বিদ্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ</td><td>--</td></tr>
</table>

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় .............

02/02/2022

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ? | প্রতি ১০,০০০/- জনসংখ্যার জন্য ০১ টি হিসেবে | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা নাই। | শর্ত অপূরণকৃত |
| ৭. | সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে) | | ৬৭ শতক। | শর্ত পূরণকৃত দলিল ও দানমূলে |
| ৮. | জমি প্রাপ্তির উৎস | | মোট জমির মধ্যে ২৯ শতক বিদ্যালয়ের নামে রেজিষ্ট্রি করা হয়েছে। খারিজ প্রক্রিয়াধীন। অবশিষ্ট ৩৮ শতক জমির ০২ জন মালিক বিদ্যালয় স্থাপনের অনুমতি পেলে বিদ্যালয়ের নামে দানসূত্রে দলিল করে দিবেন বলে অঙ্গীকার প্রদান করেছেন। | প্রয়োজনীয় কাগজ সংযুক্ত |
| ৯. | উদ্যোক্তার পরিচয় ও সমাজ সেবায় অবদান | | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোকবুল হোসেন। মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে অবসর গ্রহণ করেন। স্কুল, কলেজ ও মসজিদের প্রতিষ্ঠাতা। কাজিপুর মোহাম্মদ নাসিম স্মৃতি সৌধের প্রধান উপদেষ্টা। | শর্ত পূরণকৃত |
| ১০. | প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা | | মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী এবং অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্য, চরে আশ্রিত দরিদ্র জনগোষ্ঠির সন্তানদের সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি জ্ঞানে সমৃদ্ধ করার লক্ষ্যে বিদ্যালয়টি স্থাপনের যৌক্তিকতা রয়েছে। | প্রত্যয়ন সংযুক্ত |
| ১১. | বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান | | বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি, অধ্যক্ষ, জমিদাতা ও অন্যান্য শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ইতোমধ্যে বিদ্যালয় স্থাপন ও পরিচালনার জন্য মোট ১৯ লক্ষ টাকা অনুদান দিয়েছেন। প্রয়োজনে আরো অর্থের যোগান দেয়া হবে বলে তারা জানিয়েছেন। তাছাড়া বিদ্যালয়ের নামে ৩ লক্ষ টাকার FDR করা আছে। | তালিকা সংযুক্ত |

১২. পরিদর্শনকারী কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৩৩৫ তারিখ ঃ ০৫/১১/২০২০ খ্রিঃ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ২১/০২/২০২১ খ্রিঃ তারিখের অনুমোদনক্রমে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন **"মুক্তিযোদ্ধা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ"** নামে একটি নতুন প্রতিষ্ঠান স্থাপনের যৌক্তিকতা যাচাই এর লক্ষ্যে ০৬/১১/২০২১ খ্রিঃ তারিখে সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় বিদ্যালয়টি স্থাপনের জন্য সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলায় অবস্থিত ৬৭ শতক জমির উপর ভৌত অবকাঠামো নির্মাণ করা হয়েছে। উপজেলা সদরে অবস্থিত প্রতিষ্ঠানটির ভৌত অবকাঠামো, যোগাযোগ ব্যবস্থা ও ভৌগলিক অবস্থান ভাল। পরিদর্শনকালে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। চরে আশ্রিত দরিদ্র জনগোষ্ঠির সন্তানদের সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি জ্ঞানে সমৃদ্ধ করার লক্ষ্যে বিদ্যালয়টি স্থাপনের প্রয়োজন রয়েছে। তাদের সন্তানদের পড়ালেখার জন্য সন্নিকটে কোন বিদ্যালয় নেই। সে কারণে প্রস্তাবিত বিদ্যালয়টি স্থাপনের যৌক্তিকতা আছে বলে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে **"মুক্তিযোদ্ধা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ"** স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

02/02/2022

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
আই ডি নং- ৮৬০১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।